# পাহাড়ে শান্তি ফেরাতে রেষারেষি বন্ধের অঙ্গীকার জামায়াত আমিরের




জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামী ক্ষমতায় এলে পার্বত্য অঞ্চলে পাহাড়ি ও বাঙালিদের মধ্যে বিদ্যমান দ্বন্দ্ব নিরসন করে স্থিতিশীলতা ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিয়েছেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

বুধবার (৪ ফেব্রুয়ারি) রাতে রাজধানীর বনানীর একটি হোটেলে আয়োজিত নির্বাচনী ইশতেহার ঘোষণার অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, পাহাড়ে দীর্ঘদিন ধরে অশান্ত পরিবেশ বিরাজ করছে, যা দেশের জন্য শুভ নয়। এই পরিস্থিতির গ্রহণযোগ্য ও বাস্তবসম্মত সমাধান খুঁজে বের করার অঙ্গীকার করেন তিনি। তার ভাষায়, সরকারে যেতে পারলে পাহাড়ি-বাঙালি বিরোধ দূর করে শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা হবে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে এদিন ৪১ দফা নির্বাচনী ইশতেহার উপস্থাপন করেন জামায়াত আমির। পরে তিনি আনুষ্ঠানিকভাবে ইশতেহারের মোড়ক উন্মোচন করেন। রাষ্ট্র সংস্কার, সুশাসন প্রতিষ্ঠা এবং আত্মনির্ভর বাংলাদেশের লক্ষ্য সামনে রেখে দলটি তাদের ইশতেহারের নাম দিয়েছে ‘জনতার ইশতেহার’।

LENS ASIA